8

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 APR 1997
পৃষ্ঠা ৩ কলাম ২

# প্রায় নয় হাজার প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও মেরামতের কর্মসূচী

প্রাথমিক ও গণশিক্ষা উপমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার বলেন, সরকার চলতি অর্থবছরে দেশে ১,৫২৯টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ; ৫,৯২৯টি প্রাথমিক বিদ্যালয় পুনঃনির্মাণ এবং ১,৩৪৩টি প্রাথমিক বিদ্যালয় মেরামতের এক ব্যাপক কর্মসূচী বাস্তবায়ন করিতেছে। তিনি শুক্রবার মুন্সিগঞ্জ জেলার লৌহজং থানার মেদিনী মণ্ডল

( ৫ম পৃঃ দ্রঃ )

## প্রায় নয় হাজার প্রাথমিক

( ৩য় পৃঃ পর )

বালিকা মহাবিদ্যালয় প্রাঙ্গণে ফেণ্ডস ফাউণ্ডেশন আয়োজিত ছাত্র বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করিতেছিলেন।

তিনি বলেন, শিক্ষা বিস্তারের পাশাপাশি শিক্ষার মান উন্নয়নে সকলকে সচেষ্ট হইতে হইবে। তিনি উল্লেখ করেন যে, ১৯৯৭ সালে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে মাত্র সাড়ে ১১ শতাংশ ছাত্র উত্তীর্ণ হইয়াছে। সংসদ সদস্য সাগুপ্তা ইয়াসমীন এবং ফাউণ্ডেশনের চেয়ারম্যান ওসমান গনি তালুকদারও অনুষ্ঠানে বক্তৃতা করেন। —তথ্য বিবরণী